

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd

তারিখ: ২৪ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ
০৯ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.০০০.৮০০.৯৯.০০১৬.২৫.৮

বিষয়: প্রাথমিক শিক্ষার মানোন্নয়নে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের এসেসমেন্ট টুলস এর মাধ্যমে শিখন অগ্রগতি

চূড়ান্ত যাচাই ও ফলাফল সংরক্ষণ।

সূত্র: ৩৮.০০.০০০০.০০৮.৯৯.০০০২.২০-৪৭২ ০৫ নভেম্বর ২০২৫

উপর্যুক্ত বিষয় ও সূত্রের *cwi‡cÖwy‡Z Rvbv‡bv hv‡"Q †h* প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক প্রণীত এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত এসেসমেন্ট টুলস এর মাধ্যমে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ১০০% শিক্ষার্থীর তৃতীয় থেকে পঞ্চম শ্রেণির বাংলা, ইংরেজি ও গণিত বিষয়ের বর্তমান অবস্থান যাচাই কাষ্টক্রম (Baseline Survey) ১ - ১৫ জুলাই ২০২৫ তারিখে পরিচালিত হয়। অনুমোদিত কর্মপরিকল্পনা অনুযায়ী এসেসমেন্ট টুলস ব্যবহার করে শিক্ষার্থীদের শিখন অগ্রগতি চূড়ান্ত যাচাই কাষ্টক্রম আগামী ৩০ নভেম্বরের মধ্যে সম্পন্ন করার বাধ্যবাধকতা রয়েছে। এ প্রক্রিয়ে এসেসমেন্ট টুলস প্রণয়ন কর্মসূচি কর্তৃক বাংলা, গণিত ও ইংরেজি বিষয়ে ১ সেট Assessment Tools প্রণয়ন করা হয়েছে যা প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদন করা হয়েছে।

০১। এমতাবস্থায়, নিম্নবর্ণিত বিষয়াদি প্রতিপালনপূর্বক আগামী ১১-২৬ নভেম্বর ২০২৫ তারিখের মধ্যে সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৩য় থেকে ৫ম শ্রেণির শিক্ষার্থীদের শিখন অগ্রগতি চূড়ান্ত যাচাই ও ফলাফল সংরক্ষণের জন্য অনুরোধ করা হলো:

- ক) গৃহীতব্য কর্মসূচিতে অভিভাবকসহ প্রাথমিক শিক্ষা পরিবারের সকল সদস্যের সক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করতে হবে;
- খ) বিদ্যালয় পর্যায়ে এ কাষ্টক্রম বাস্তবায়নের ক্ষেত্রে নিবিড়ভাবে মনিটরিং করতে হবে;
- গ) ১১ই নভেম্বর ২০২৫ থেকে ২৬শে নভেম্বর ২০২৫ পর্যন্ত প্রতি কাষ্টক্রমে একটি শ্রেণির একটি বিষয়ের এসেসমেন্ট কাষ্টক্রম পরিচালনা করতে হবে। অধিক শিক্ষার্থী বিশিষ্ট বিদ্যালয়ে প্রতি বিষয়ে অতিরিক্ত ০১(এক) দিন কাষ্টক্রম পরিচালনা করতে হবে;
- ঘ) এসেসমেন্ট চলাকালীন অন্যান্য শ্রেণি কাষ্টক্রম যথাযীতি চলবে;
- ঙ) এসেসমেন্ট টুলস প্রিন্টের ব্যয়ভার ২০২৫-২০২৬ অর্থ বছরের প্রতিটি বিদ্যালয়ের স্লিপের বরাদ্দকৃত অর্থ হতে শিক্ষার্থী প্রতি ০৬.০০ (হয়) টাকা হারে ব্যয় নির্বাহ করতে হবে। উল্লেখ্য, উপজেলা/থানা প্রাথমিক শিক্ষা অফিসার তার আওতাধীন উপজেলা/থানার তৃতীয় থেকে পঞ্চম শ্রেণির শিক্ষার্থীর সংখ্যা অনুযায়ী এসেসমেন্ট টুলস প্রিন্ট করে বিদ্যালয় পর্যায়ে সরবরাহ করবেন।

০৩। এতদসঙ্গে এ বিষয়ের এসেসমেন্ট টুলস, রেকর্ড ফরম ও নির্দেশিকা প্রেরণ করা হলো।



০৯-১১-২০২৫

এ. কে. মোহাম্মদ সামছুল আহসান
পরিচালক

বিতরণ (জ্যোত্তরার ক্রমানুসারে নয়):

- বিভাগীয় উপপরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা, সকল বিভাগ।
- জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)।

স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.০০০.৮০০.৯৯.০০১৬.২৫.৮/১ (২)

তারিখ: ২৪ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ
০৯ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যোষ্ঠার ক্রমানুসারে নয়):

- ১। উপদেষ্টার একান্ত সচিব, উপদেষ্টার দপ্তর, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
- ২। সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সচিবের দপ্তর, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।



৩০০৫০৮

০৯-১১-২০২৫

মাহফুজা খাতুন

সহকারী পরিচালক